



রেজিস্ট্রারের কার্যালয়  
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়  
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং: জাককানইবি/একাডেমিক/৩৪/০৭/১৯৭

তারিখ: ০৫/০৭/২০২০ খ্রি:

## বিশেষ বিজ্ঞপ্তি

আমরা সকলেই অবগত রয়েছি যে, করোনা প্রাদুর্ভাবের কারণে বর্তমানে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল ও একাডেমিক কার্যক্রম বন্ধ রয়েছে। করোনাকালীন সময়ে শিক্ষার্থীদের ক্ষতি কিছুটা হলেও পুষিয়ে নেওয়ার জন্য ইউজিসি ইতোমধ্যে শিক্ষা মন্ত্রণালয় ও পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণের সাথে একাধিকবার অনুষ্ঠিত অনলাইন মিটিংয়ে আলোচনার মাধ্যমে অনলাইন ক্লাস নেওয়ার বিষয়ে পরামর্শ দিয়েছেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মতো ইতোমধ্যে অনেক পাবলিক বিশ্ববিদ্যালয়ও তাদের সঙ্গতি ও সুবিধা অনুসারে অনলাইন ক্লাস শুরু করেছে। এমতাবস্থায়-

১। শিক্ষার্থীদের ক্ষতির বিষয়টি অগ্রাধিকার বিবেচনায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকগণকে তাদের যার যার সুবিধা ও সঙ্গতি অনুসারে স্ব-স্ব বিভাগের সিদ্ধান্তের আলোকে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে স্ব-স্ব অবস্থানে থেকে অনলাইন ক্লাস পরিচালনার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ইতোমধ্যে অত্র বিশ্ববিদ্যালয়েও কোন কোন বিভাগ এ পরিস্থিতিতে তাদের নিজস্ব ব্যবস্থাপনায় অনলাইন ক্লাস পরিচালনা করে আসছে।

২। তাছাড়া যেসকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ এ বন্ধকালীন সময়ে তাদের চাকুরি নিশ্চিতকরণ ও পর্যায়োন্নয়নের তারিখ অতিক্রম করে যোগ্যতা অর্জন করেছেন কিন্তু আবেদন করতে পারেন নি, তাদেরকে যথাযথ নিয়মে (বিভাগীয় প্লানিং কমিটি ও বিভাগীয় প্রধান/দপ্তর প্রধানের সুপারিশসহ, যার জন্য যা প্রয়োজ্য) আবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো। প্রাপ্ত আবেদনের ভিত্তিতে পরবর্তীতে পরিস্থিতি স্বাভাবিক হলে যথানিয়মে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

(কৃষাবদ ড. মো: হুমায়ুন কবীর)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।

মোবাইল নং: ০১৭১৫-২৮১৮৯২

Email: kbdhumayun08@gmail.com

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ট্রেজারার, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ
- ২। সকল অনুষদীয় ডিন, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ
- ৩। সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ
- ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ
- ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মকর্তা পরিষদ, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ
- ৬। সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মচারি সমিতি, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ
- ৭। উপ-পরিচালক (জনসংযোগ) ও পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ
- ৮। আইসিটি সেল (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ), জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ
- ৯। অফিস নথি।